

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
প্রধানমন্ত্রীর কার্যালয়

পুরাতন সংসদ ভবন
ঢাকা

পত্র সংখ্যা ...০৩.০৮৫.০৪৬.০৮.০০.০১৮.২০১৪- ২৬৭

তারিখ ৩০.০৮.১৪২১ বঙ্গাব্দ
১৪.১২.২০১৪ খ্রি.


বিষয়ঃ ই-হাজিরার জন্য Access Control Device ব্যবহার প্রসঙ্গে।

উপর্যুক্ত বিষয়ে প্রধানমন্ত্রীর কার্যালয়ের সকল কর্মকর্তা/কর্মচারীবৃন্দকে এই মর্মে জানানো যাচ্ছে যে, অফিসে উপস্থিতি ও অফিস ত্যাগের ক্ষেত্রে ই-হাজিরা সিস্টেম চালু করা হয়েছে। প্রাথমিকভাবে কার্যালয়ে ৩টি Access Control Device স্থাপন করা হয়েছে (মূল ভবনের নীচ তলার পূর্ব ও পশ্চিম গেট ও ৪নং গেট সংলগ্ন আইসিসি ভবনের নীচ তলা)।

২। প্রবেশের ক্ষেত্রে নিজ নিজ আইডি কার্ডটি Access Control Device এর Optical Sensor এর সামনে ধরুন (ডিভাইজের ডানের অংশে)। কার্ডটি ধরার সাথে সাথে একটি সংকেত পাবেন।

৩। একজন ব্যবহারের পর ডিভাইজটি ১০ সেকেন্ডের মধ্যে পরবর্তী জনের জন্য প্রস্তুত হবে। কার্যালয় ত্যাগ করার সময়ও উক্ত Access Control Device সংলগ্ন অপর একটি ছোট ডিভাইজের সম্মুখে আপনার আইডি কার্ডটি ধরুন। একইভাবে পূর্বের ন্যায় একটি সংকেত পাবেন। উল্লেখ্য অফিসে হাজিরার জন্য ই-হাজিরাই বিবেচিত হবে।

৪। বর্ণিতাবস্থায়, ই-হাজিরার জন্য Access Control Device ব্যবহারের জন্য নির্দেশক্রমে অনুমোদন করা হলো।



(ড. দেওয়ান মুহাম্মদ হুমায়ূন কবীর)
পরিচালক (প্রশাসন)
ফোন : ৯১১৪২৭০

বিতরণ কার্যার্থে(জ্যেষ্ঠতার ক্রমানুযায়ী নয়)ঃ

- ১। সকল কর্মকর্তা/কর্মচারীবৃন্দ, প্রধানমন্ত্রীর কার্যালয়।
- ২। মহাপরিচালক, এস.এস.এফ, প্রধানমন্ত্রীর কার্যালয়।
- ৩। মুখ্য সচিব/সিনিয়র সচিব মহোদয়ের একান্ত সচিব, প্রধানমন্ত্রীর কার্যালয়।
- ৪। সিস্টেমস্ এনালিস্ট, প্রধানমন্ত্রীর কার্যালয়।